

রোকেয়া বিশ্ববিদ্যালয় নতুন উপাচার্যের যোগদান

নিজস্ব প্রতিবেদক, রংপুর •

রংপুরে বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের নবনিযুক্ত উপাচার্য অধ্যাপক এ কে এম নূর-উন-নবী গতকাল বুধবার যোগদান করেছেন। পরে তিনি ১৪ মে বিশ্ববিদ্যালয়দপ্তরে শ্রদ্ধা হরে বলে জানান। গতকাল যোগদানের পর দুপুরে নিজ কার্যালয়ে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে তিনি এ কথা বলেন।

নূর-উন-নবী বলেন, ইতিমধ্যে জেনেছি, বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার চার বছরের মধ্যে প্রায় ছয় মাস সেশনলুটি হয়েছে। তা পর্যায়ক্রমে দূর করার চেষ্টা করব। সার্বিক বিষয় নিয়ে ১১ মে সিন্ডিকেটের সভা আহ্বান করা হয়েছে।

৫ মে শিক্ষা মন্ত্রণালয়ের এক পরিপত্রে উল্লেখ করা হয়েছে, রাষ্ট্রপতি ও চ্যান্সেলর উপাচার্যের পদ থেকে আবদুল জলিল নিয়্যাকে অব্যাহতি দেন এবং এ কে এম নূর-উন-নবীকে নতুন উপাচার্য হিসেবে নিয়োগ দেন। উপাচার্যের মেয়াদ হবে চার বছর।